

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫- ৩২

তারিখঃ ১১.০১.২০১৮ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকার বিরুদ্ধে ঢাকার খিলক্ষেত থানায় ফৌজদারী মামলা নং-১১(৯)১৬নং মামলা দায়ের করা হয় এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী-২০০৩ এর ১০, জিআর নং-১৩৪/১৬) মোতাবেক তার বিরুদ্ধে চার্জ গঠন করা হয় এবং বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকায় গত ২৬.১০.২০১৬ খ্রিঃ শুনানী গ্রহণ করা হয়। শুনানী গ্রহণ অন্তে বিজ্ঞ আদালত ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯) এর জামিন না মঞ্জুর করে তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী প্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হয়;

সেহেতু, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মামলা নং ২২/২০১৭ বলে ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করার ক্ষেত্রে আইনগত কোন বাধা নেই মর্মে মতামত দিয়েছেন;

সেহেতু, এফ্রণে ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে প্রদত্ত ২৯.১২.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫-৯৪৪নং- সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তীর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসাবে গণ্য করা হল।


  
(মোঃ সিরাজুল হক খান)  
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫- ৩২/২ (৯২)

তারিখঃ ১১.০১.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মচারীর স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-১/পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

  
১৬.০১.২০১৮  
(আসমা তাসকিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)